

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

**Date: 20.10.2024**

**Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আসন্ন বিধানসভা উপনির্বাচনের ৬ টি আসনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস।
- ২) নবান্নে আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে বৈঠকে যোগ দেবেন জুনিয়ার ডাক্তাররা, তবে বৈঠকে বসার আগে অনশন ভাঙ্গার শর্ত তাঁরা মানছেন না।
- ৩) দীর্ঘ ১৬ দিন ছুটির পর আগামীকাল রাজ্যে সমস্ত সরকারি অফিস খুলছে।
- ৪) উত্তর আন্দামান সাগরে সরে আসা ঘূর্ণাবর্ত আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে মঙ্গলবার থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝোড়ো হাওয়ার সঙ্গে বৃষ্টি হতে পারে।
- ৫) আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হয়েছে।

আসন্ন বিধানসভা উপনির্বাচনের ৬ টি আসনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস। সিতাই বিধানসভা কেন্দ্রে প্রার্থী হচ্ছেন সঙ্গীতা রায়। মাদারিহাটে জয়প্রকাশ টোপ্পো, নৈহাটিতে সনৎ দে, মেদিনীপুরে সুজয় হাজরা এবং তালডাংরা কেন্দ্রে প্রার্থী করা হয়েছে ফাল্গুনী সিংহবাবুকে।

অন্যদিকে, হাড়োয়া বিধানসভা কেন্দ্রে বসিরহাটের প্রয়াত সাংসদ হাজি নুরুল ইসলামের মেজো ছেলে রবিউল ইসলামকে প্রার্থী হিসাবে মনোনীত করা হয়েছে।

বিজেপি গতকালই ৬ টি আসনে তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে। কোচবিহারের সিতাই তপশিলি আসনে প্রার্থী হচ্ছেন দীপক কুমার রায়, আলিপুরদুয়ারের মাদারিহাট উপ-জাতি আসনে রাহুল লোহার, উত্তর ২৪ পরগনার নৈহাটি আসনে রূপক মিত্র এবং হাড়োয়া আসনে বিমল দাস প্রতিদ্বন্দ্বিতা করবেন। মেদিনীপুর বিধানসভা আসনে প্রার্থী হচ্ছেন শুভজিৎ রায়।

অন্যদিকে, বাঁকুড়ার তালডাংরা আসনে অনন্যা রায় চক্রবর্তী প্রার্থী হয়েছেন।

উল্লেখ্য, এই ৬টি আসনে আগামী ১৩ নভেম্বর ভোটগ্রহণ, গণনা ২৩ শে নভেম্বর।

এদিকে, উপনির্বাচনের জন্য চলতি মাসেই প্রথম দফায় ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হচ্ছে।

-----

নবান্নে আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে বৈঠকে যোগ দেবেন জুনিয়ার ডাক্তাররা। মুখ্যসচিব মনোজ পন্থকে ইমেল করে তারা একথা জানিয়েছেন। তবে বৈঠকে বসার আগে অনশন ভাঙ্গার যে শর্ত দেওয়া হয়েছিল, তা তারা মানছেন না বলেও জানিয়ে দেওয়া হয়েছে। আগামীকালের বৈঠকের পরই অনশন তোলার বিষয় সিদ্ধান্ত হবে বলে জানিয়েছে জুনিয়ার ডক্টরস ফ্রন্ট।

গতকাল সরকারের তরফে মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিব অনশন মঞ্চে গিয়ে তাদের সঙ্গে মুখ্যমন্ত্রীর টেলিফোনে কথা বলান। এরপর সরকারের দেওয়া শর্ত, তাদের তরফে কারা যাবেন, বৈঠকের আলোচ্য সূচী সহ বিভিন্ন বিষয় নিয়ে গভীর রাত পর্যন্ত বৈঠক

চলে। আজ সকাল থেকে এন আর এস মেডিকেল কলেজে জুনিয়ার ডাক্তারদের জিবি বৈঠক হয়। এরপর আন্দোলনকারী জুনিয়ার ডাক্তার দেলাশিস হালদার সাংবাদিকদের বলেন, তাদের ১০ দফা দাবি সম্পর্কে মুখ্যমন্ত্রী এখনও হয়ত সঠিকভাবে জানেন না। তাঁর সঙ্গে গতাকালের কথপোকথনে অনশনকারীরা দুঃখ পেয়েছেন। আগামীকাল নির্দিষ্ট সময়ই অনশন জারি রেখে তারা আলোচনায় যোগ দেবেন। তাদের আশা তা সদর্থক হবে।

### বাইট দেবাশিস

আগেই জানানো হয়েছে, সরকারের তরফে গতকাল জুনিয়ার ডাক্তারদের মৌখিকভাবে আগামীকাল বিকেল পাঁচটায় নবান্নে বৈঠকের কথা জানানো হয়। পরে মুখ্যসচিব তাদের ইমেইলের মাধ্যমে জানান, আগামীকাল সাড়ে চারটের মধ্যে জুনিয়ার ডাক্তারদের ১০ জন প্রতিনিধিকে নবান্নে পৌঁছতে হবে। ঐ ১০ জনের নামও ইমেলে জানাতে বলা হয়। অনশন তুলে নিলে তবেই সোমবারের বৈঠক হবে বলেও মেইলে উল্লেখ করা হয়েছে।

এদিকে, আজই ধর্মতলায় আন্দোলনকারী জুনিয়ার ডাক্তাররা চিৎকার সমাবেশের ডাক দেন। সাধারণ মানুষকে অনশন মঞ্চের সামনে জমায়েতের আহ্বান জানানো হয়। পশ্চিম বর্ধমানের অভ্যালেও নাগরিক সমাজের একাংশ আজ জুনিয়ার ডাক্তারদের অনশন আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে প্রতিকী অনশনে বসেছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ জুনিয়ার ডাক্তারদের চিৎকার সমাবেশকে কটাক্ষ করে বলেছেন, নির্যাতিতার ন্যায়বিচারের দাবি থেকে আন্দোলনকারী ডাক্তাররা ক্রমশ সরে আসছেন।

## বাইট কুনাল

অন্যদিকে, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্সের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে ইমেইল করে জুনিয়ার ও সিনিয়ার চিকিৎসকরা স্বাস্থ্য সচিবের অপসারণের দাবি কেন জানাচ্ছেন, তা বিস্তারিতভাবে জানানো হয়েছে। দুর্নীতি সংক্রান্ত বিভিন্ন বিষয় যথা সময় স্বাস্থ্যসচিবকে জানানো হলেও তিনি কোনোরকম পদক্ষেপ করেননি বলেও মেইলে উল্লেখ করা হয়েছে। স্বাস্থ্য সচিবের দ্রুত অপসারণের দাবি জানিয়েছেন তারা।

---

এদিকে, পূর্ব বর্ধমানের আউস গ্রামে আজ বিজয়া সম্মিলনীতে যোগ দিয়ে জুনিয়ার ডাক্তারদের ধর্মঘট প্রসঙ্গে যুব তৃণমূল নেতা দেবাংশু ভট্টাচার্য্য বলেন, মাওবাদীদের সঙ্গে জুনিয়ার ডাক্তারদের কোনো তফাত দেখা যাচ্ছে না। কারণ তাদের দাবি মানা না হলে তারা চিকিৎসা বন্ধ রেখে মানুষ মারতে চাইছেন।

বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় দেবাংশু ভট্টাচার্য্যের মন্তব্যের কড়া সমালোচনা করেছেন। আজ বর্ধমানে বিজেপির জেলা কার্যালয়ে দলীয় বৈঠকের পর সাংবাদিকদের তিনি বলেন, শাসকদল জুনিয়ার ডাক্তারদের দাবি না মেনে এধরনের মন্তব্য করে তাদের অপমান করছেন। এই আন্দোলনের প্রতি তার দলের সমর্থন রয়েছে।

---

সরকারি হাসপাতালে যেসমস্ত চিকিৎসক গরীব মানুষের জন্য কাজ করছেন, তাদের সম্মান করে আগলে রাখার কথা বলেছেন, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ। দলীয় কর্মীদের উদ্দেশে এক বার্তায় তিনি বলেন, এই সমস্ত চিকিৎসকদের কাজের পাশাপাশি যারা সুকৌশলে জেলায় দু তিনদিন ডিউটি করে কলকাতায় প্র্যাকটিস

করছেন, তাদের দিকেও দলের নজর রয়েছে। জুনিয়ার ডাক্তার ও আন্দোলন সম্পর্কে তিনি কোনো অভদ্র কথা বলেননি বলেও তাঁর দাবি। অতি বাম ও বিরোধী দলগুলি এদের ব্যবহার করে প্ররোচনা দিয়ে রাজনীতি করছে বলে তাঁর অভিযোগ।

---

নদীয়ার কৃষ্ণনগরে আগুনে পুড়ে তরুণী মৃত্যুর ঘটনায় আজ রাজ্য মহিলা কমিশনের পক্ষ থেকে দেবযানী চক্রবর্তী কৃষ্ণনগর কোতোয়ালি থানায় যান। এরপর তিনি ঐ তরুণীর পরিবারের সঙ্গে দেখা করেন, তার দাদুর বাড়িতেও যান। পরে সাংবাদিকদের দেবযানী দেবী জানান, এপর্যন্ত তদন্তে যা উঠে এসেছে, তা তিনি কমিশনকে জানাবেন। যেখানে তরুণীর দেহ উদ্ধার হয়েছিল, সেই জায়গাটিও ঘুরে দেখে স্থানীয়দের সঙ্গে কথা বলেন তিনি।

---

শারদীয়া উৎসব এবং লক্ষ্মীপূজো উপলক্ষে দীর্ঘ ১৬ দিন ছুটির পর আগামীকাল রাজ্য সরকারি অফিসগুলি খুলছে। সরকারি ছাড়াও আধা সরকারি সব অফিসেই আগামীকাল থেকে স্বাভাবিক কাজকর্ম শুরু হবে।

উল্লেখ্য গত পাঁচই অক্টোবর থেকে রাজ্য সরকারের অফিসে ছুটি পড়েছিল।

কালীপূজো, দীপাবলী ও ভাইফোঁটার জন্য আগামী ৩১ অক্টোবর থেকে চৌঠা নভেম্বর পর্যন্ত সরকারি অফিস আরো এক দফায় বন্ধ থাকবে।

এদিকে, সম্প্রতি কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারীদের জন্য এক কিস্তি মহার্ঘ ভাতা দেওয়ার কথা ঘোষণা করায় রাজ্য সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চ আগামী ২৯ অক্টোবর সব সরকারি অফিসে দুই ঘন্টা কর্মবিরতির কথা জানিয়েছে।

---

খোলা বাজারে মাছ, সবজি সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রীর দাম সাধারণের নাগালের মধ্যে রাখতে টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট শাখার নিয়মিত নজরদারি এবং সুফল বাংলা স্টলের মাধ্যমে ন্যায্য মূল্যে বিক্রি বহাল থাকবে বলে রাজ্য সরকার জানিয়েছে। আজ নবান্ন থেকে জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যের হিমঘরগুলিতে বর্তমানে পর্যাপ্ত উনিশ লক্ষ মেট্রিক টন আলু মজুদ রয়েছে। পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে রাখতে সুফল বাংলার মাধ্যমে সরাসরি চাষীদের থেকে ২০০ টনের বেশি সুখসাগর পেঁয়াজ কেনা হয়েছে।

---

মালদার পুখুরিয়া থানার টেকনাঘাট এলাকায় মহানন্দায় স্নান করতে নেমে আজ জলে ডুবে মৃত্যু হয়েছে তিন কিশোরের। সম্পর্কে এরা খুড়তুতো ভাই। ১৩ বছরের বিশ্বজিত ও আদিত্য চৌধুরী এবং ১২ বছরের সত্যজিত চৌধুরী, আরও তিন বন্ধুর সঙ্গে দুপুরে টেকনা ঘাটে স্নান করতে যায়। অন্য তিন বন্ধু আগেই বাড়ি ফিরে গেলেও তিন ভাই তখনও স্নান করছিল। হঠাৎ করেই তারা জলে তলিয়ে যেতে থাকলে বহু মানুষ নদীঘাটে ভিড় জমান। নৌকো নিয়ে নদীতে জাল ফেলে উদ্ধার কাজ শুরু হয়। বেলা আড়াইটে নাগাদ তিনজনের নিখর দেহ উদ্ধার হয়। গোটা এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

---

মধ্য আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্তটি আজ সকালে উত্তর আন্দামান সাগরের দিকে সরে এসেছে। আগামী ২৪ ঘণ্টার মধ্যে সেটির নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা।

এটি ক্রমশ পশ্চিম থেকে উত্তর পশ্চিম দিকে এগোবে। আলিপুর আবহাওয়া দপ্তরের  
অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানানেন,

বাইট

-----

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মহামেডান  
স্পোর্টিং, কেরালা ব্লাস্টার্স-এর মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা  
গোলশূন্য।

মহামেডান স্পোর্টিং চার ম্যাচে চার পয়েন্ট নিয়ে লিগ তালিকার একাদশ স্থানে  
আছে। অন্যদিকে সমসংখ্যক ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে কেরালা ব্লাস্টার্স ষষ্ঠ স্থানে রয়েছে।

-----